বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ঢাকা
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... OCT 1988
পৃষ্ঠা ... ৮ ... ৭ কলাম

02

# তথ্যক্ষেত্রে ইসলামী দেশগুলোর যোগাযোগ জোরদার করতে হবেঃ পীরজাদা

জেদ্দা, ১২ই অক্টোবর (আইআইএনএ)।— ইসলাম ও ইসলামের বিরুদ্ধে আন্তর্জাতিক সংবাদ মাধ্যমগুলো সুকৌশলে যে প্রচারণা চালাচ্ছে তাকে ব্যর্থ করে দেয়ার জন্য তথ্যের ক্ষেত্রে ইসলামিক দেশগুলোর মধ্যে যোগাযোগ জোরদার করা প্রয়োজন। ইসলামী সম্মেলন সংস্থার (ওআইসি) মহাসচিব সৈয়দ শরীফুদ্দিন পীরজাদা গতকাল এখানে ওআইসি তথ্যমন্ত্রীদের সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে এ কথা বলেন।

পীরজাদা বলেন, আন্তর্জাতিক তথ্যের ক্ষেত্রটি যে পাশ্চাত্য নিয়ন্ত্রণ করছে এটা সুবিদিত। তাদের কোটি কোটি ডলারের এই শিল্প মানব জীবনের বিভিন্ন দিককে নিয়ন্ত্রিত করছে। তিনি বলেন, আন্তর্জাতিক তথ্য মাধ্যমকে তারা নিয়ন্ত্রণ করছে তারা ইসলামী বিশ্বের বাস্তবতার প্রতি উদাসীন।

তিনি বলেন, এসব তথ্য মাধ্যম কোন কোন সময় সক্রিয়ভাবে আমাদের ধর্মবিশ্বাস ও সাংস্কৃতিক ঐতিহ্যের বিরুদ্ধে বৈরী প্রচারণা চালায়। মুসলমানদের ন্যায়সংগত সংগ্রামকে এরা অবহেলা করে কিংবা সংগ্রামকে ইচ্ছাকৃতভাবে বিকৃত করে তুলে ধরে।

ওআইসি মহাসচিব বলেন, আন্তঃ ইসলামী তথ্য যোগাযোগ বৃদ্ধি দরকার। এ জন্যেই ইন্টারন্যাশনাল ইসলামিক নিউজ এজেন্সী (আইআইএনএ) স্থাপিত হয়েছে। বিশ্বের কাছে ইসলামী দৃষ্টিভঙ্গী তুলে ধরার জন্যই এই সংস্থা।

সম্মেলনে অনুমোদনের জন্য কর্মকর্তারা যে তথ্য পরিকল্পনা প্রণয়ন করেছেন পীরজাদা তার প্রশংসা করেন। এই পরিকল্পনায় সদস্য রাষ্ট্রগুলোর তথ্যের বহুবিধ ক্ষেত্রে সহযোগিতা বাড়ানো এবং এ জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ ও যৌথ উদ্যোগ নেয়ার সুপারিশ করা হয়েছে।

তিনি অতীতের ব্যর্থতা এড়ানোর জন্য এই পরিকল্পনাকে সুবিন্যস্ত করার ওপর জোর দেন। তিনি মনে করেন, পরিকল্পনা বাস্তবায়নের জন্য একটা প্রাতিষ্ঠানিক কাঠামো গড়ে তোলা অত্যাবশ্যক।

রাজনৈতিক ফ্রন্ট প্রসঙ্গে পীরজাদা ইসলামী বিশ্বের তথ্য মাধ্যমগুলোকে প্যালেস্টাইন সংগ্রামের প্রতি সমর্থন অব্যাহত রাখার আহবান জানান। প্যালেস্টাইনী গণ-অভ্যুত্থানের ক্ষেত্রে জনতার সাহস ও বীরত্ব এবং ওই অভ্যুত্থান দমনে ইসরাইল যে নৃশংস নীতি অনুসরণ করছে তা তুলে ধরার জন্য মহাসচিব আহবান জানিয়েছেন।

তিনি বলেন, ১৯৮৮ সালের ১৪ই অক্টোবর চুক্তি অনুসারে সব সোভিয়েত সৈন্য আফগানিস্তান থেকে প্রত্যাহার না হওয়া পর্যন্ত আফগান জনগণের সংগ্রামের প্রতি আমাদের সমর্থন দিয়ে যেতে হবে।

তিনি বলেন, অমুসলিম দেশের মুসলমানদের মৌলিক অধিকার সংরক্ষণেও আমরা কাজ করব। নিন্দা করব দক্ষিণ আফ্রিকার বর্ণবাদী নীতির এবং সমর্থন দেব নামিবিয়ার জনগণের স্বাধীনতা সংগ্রামে।